**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**1 OCTOBER 2024** **7:35 AM IST**

==========================================================================

রাজ্যে বিজেপি নেতৃত্বাধীন সরকার পুনরায় রাজ্যে সরকার গঠন করলে এক লক্ষ সরকারী চাকুরীর নিযুক্তি ও ২ লক্ষ যুব শিল্পদ্যোগীকে আর্থিক সহায়তার প্রতিশ্রুতি ২০২১ সালের বিধানসভা নির্বাচনের পূর্বে করা হয়েছিল । বিজেপি সরকারে গঠনের তিন বছরের মধ্যে এই দুটি প্রতিশ্রুতি পূরণ করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন । গতকাল গুয়াহাটী খানাপারার অসম পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত মুখ্যমন্ত্রী আত্মনির্ভর আসাম অভিযানের অধীনে বাছাই করা ২৫ হাজার ২৩৮ জন শিল্পদ্যোগীকে প্রথম কিস্তি হিসেবে ৭৫ হাজার টাকা করে প্রদান করে মূখ্যমন্ত্রী একথা বলেন । মুখ্যমন্ত্রী আরো বলেন যে গত বছরের ২৩ শে সেপ্টেম্বর মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম প্রকল্পের শুভারম্ভ করা সহ প্রার্থীদের আবেদন করার জন্য পোর্টেল খোলা হয়েছিল । এই পোর্টেলের মাধ্যমে এক লক্ষ ৪ হাজার ৫১ জন প্রার্থী আবেদন করেছিলেন ।

গতকালের অনুষ্ঠানে রাজ্যের শিল্প ও বানিজ্য মন্ত্রী বিমল বরা সহ মন্ত্রী রঞ্জিত কুমার দাস , অতুল বরা , কেশব মহন্ত উপস্থিত ছিলেন ।

---

রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আগামী চৌঠা অক্টোবর থেকে রাজ্যে নবগঠিত ৩৯টি সম-জেলা কার্যকর হবে । এদিকে এই কার্যসূচীর অধীনে ২১ টি জেলার ৩৯ টি সম -জেলার মধ্যে কাছাড় জেলার সমজেলা হিসেবে লক্ষীপুরকে

অর্ন্তভূক্ত করা হয়েছে । উল্লেখ্য রাজ্যের প্রশাসনিক ব্যবস্থাকে আরো সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে রাজ্য মন্ত্রীর বৈঠকে ২১ টি জেলার মহকুমাগুলিকে ৩৯ টি সম -জেলা হিসেবে ঘোষনা করা হয়েছে ।

---

ত্রিপুরার রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডী নাল্লু গতকাল আইজলে মিজোরামের রাজ্যপাল হিসেবে অতিরিক্ত দায়িত্ব গ্রহণের জন্য শপথগ্রহণ করেন । শ্রীনাল্লু মিজোরামের বর্তমান রাজ্যপাল ড: হরিবাবু কামভামপতির ছুটিতে থাকাকালীন সময়ে এই অতিরিক্ত দায়িত্ব পালন করবেন । গৌহাটী হাইকোর্টের বিচারপতি নেলসন সাইলো মিজোরামের রাজ্যপাল হিসেবে অতিরিক্ত দায়িত্বভার গ্রহণের জন্য ইন্দ্রসেনা রেড্ডী নাল্লুকে শপথবাক্য পাঠ করান । শপথ গ্রহন অনুষ্ঠানে মিজোরামের মূখ্যমন্ত্রী পু লাল্ডুহোমা , অধ্যক্ষ পু লালবিয়াকজামা ,গৃহমন্ত্রী পু কে সাপডাঙ্গা সহ উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---

আজ হাইলাকান্দি জেলার প্রতিষ্ঠা দিবস । হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ ও আগামীকাল বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে জেলা দিবস পালন করা হচ্ছে । জেলা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে গতকাল হাইলাকান্দি এস কে রায় সিভিল হাসপাতালে স্বচ্ছ ভারত অভিযান অনুষ্ঠিত হয় । এ উপলক্ষ্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে সিভিল হাসপাতালের কয়েকজন সাফাই কর্মীকে সংবর্ধনা জানানো হয়েছে । এছাড়াও স্বচ্ছতার উপর একটি সচেতনতা সভা অনুষ্টিত হয় । সচেতনতা সভায় স্বাস্থ্য বিভাগের যুগ্ম-সঞ্চালক ডক্টর অলকানন্দা নাথ , সিভিল হাসপাতালের অধীক্ষক ডক্টর দেবব্রত দত্ত সহ স্বাস্থ্য বিভাগের কর্মী ও আধিকারিকরা উপস্থিত ছিলেন ।
উল্লেখ্য ১৯৮৯ সালের পয়লা অক্টোবর হাইলাকান্দি মহকুমা থেকে হাইলাকান্দি জেলা গঠন করা হয়েছিল ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে আসন্ন উৎসবের মরশুমে যাত্রী ভীড় সামাল দিতে সীমান্ত রেল ১৩ জোড়া বিশেষ যাত্রী ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে দূর্গা পূজা , কালী পূজা ও ছট পূজা উপলক্ষ্যে আগামি পয়লা অক্টোবর থেকে ৩০শে নভেম্বর পর্য্যন্ত শিলচর , আগরতলা , নাহারলগুন , ডিব্রুগড় থেকে বিশেষ যাত্রী ট্রেন চালানো হবে ।

---

করিমগঞ্জ জেলার খাদ্য , গণবন্টন ও গ্রাহক সুরক্ষা বিষয়ক বিভাগ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলায় অক্টোবর মাসের জাতীয় খাদ্য সুরক্ষা যোজনার অধীনে প্রধানমন্ত্রী গরীব কল্যান অন্ন যোজনার বিনামূল্যের চাল বরাদ্দ করা হয়েছে । এই চাল অন্ত্যোদয় অন্ন যোজনায় রেশন কার্ড পিছু ৩৫ কিলোগ্রাম করে এবং প্রায়োরিটি হাউস হোল্ড কার্ডধারীদের মাথা পিছু ৫ কিলোগ্রাম করে বিনামূল্যে বিতরন করার নির্দেশ দেওয়া হয়েছে ।

---

শিলচর পৌরসভার মুখ্য কার্য্যবাহী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে পৌর এলাকার নাগরিকদের সাধারন তথ্যের জন্য আগামীকাল থেকে ইস্যুকৃত সংশ্লিষ্ট উন্নয়ন কর্তৃপক্ষের পরিকল্পনা পারমিট প্রাপ্তির পরে বিল্ডিং নির্মানের অনুমতি প্রদান করা হবে । বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে সরকারী নির্দেশ অনুযায়ী জি প্লাস টু স্তর পর্য্যন্ত আবাসিক বিল্ডিং নির্মানের প্রস্তাবের জন্য মুখ্যমন্ত্রীর সহজ গৃহ নির্মান প্রকল্পের অধীনে ই-আর টি পি-র মাধ্যমে গৃহ নির্মানের অনুমতির জন্য নাগরিকদের আবেদন করার জন্য অনুরোধ করা হয়েছে ।

---

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র পঞ্চম কাছাড় জেলা সম্মেলন আজ শিলচর গান্ধী ভবনে অনুষ্ঠিত হবে। সংগঠনের পক্ষ থেকে জানানো হয়েছে যে সম্মেলন উপলক্ষে আজ সকাল ১১ টায় গান্ধী ভবন থেকে একটি র‍্যালী বের হয়ে শহর পরিক্রমা করবে। পরে আয়োজিত হবে প্রকাশ্য সমাবেশ। সমাবেশে সংগঠনের রাজ্য কমিটির সভাপতি প্রজ্জ্বল দেব ও রাজ্য সম্পাদক হেমন্ত পেগু মুখ্য বক্তা হিসেবে উপস্থিত থাকবে।

---

আনিপুর-দুর্লভছড়া-জামুয়াং সড়কের ৭১০০ মিটার অংশে ৮/১ নম্বর বাগ সেতুর নীচের অংশে কাঠামো দুর্বল হয়ে পড়ায় ওই সেতুর ওপর দিয়ে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত সবধড়নের যান চলাচল সাময়িকভাবে বন্ধ থাকবে বলে পূর্ত গ্রামীণ সড়ক শাখার পাথারকান্দি ও রামকৃষ্ণনগর সড়ক শাখার নির্বাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন । এতে ওই সেতু বন্ধ থাকাকালীন সময়ে যানবাহন বিকল্প সড়ক হিসেবে আনিপুর তেমাথা-বিদ্যানগর তেমাথা-বিদ্যানগর-মোকামছড়া-দুর্লভছড়া দিয়ে চলাচল করতে পারবে বলে জানানো হয়েছে ।

---

নম:শূদ্র পরিষদের আসাম রাজ্য কমিটির মূখ্য উপদেষ্টা তথা সমাসসেবী জয়চন্দ্র বড়ভুইয়া গতকাল শিলচরের একটি বেসরকারী নার্সিং হোমে শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন ।
মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮০ । জয়চন্দ্র বরভুইয়ার মৃত্যুতে নম:শূদ্র পরিষদের আসাম রাজ্য কমিটির পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে ।

---